একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা শাখা-১
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০০.১৪১.৩৫.০০০১.২৬/১৭৩

তারিখ: ৮ বৈশাখ ১৪৩৩ / ২১ এপ্রিল ২০২৬

পরিপত্র

রাষ্ট্রপতির আদেশ নং- ১৬, ১৯৭২ এবং তৎসঙ্গে পঠিত Abandoned Buildings (Supplementary Provisions) Ordinance. 1985 (১৯৮৫ সালের ৫৪ নং অধ্যাদেশ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক কতিপয় সম্পত্তি পরিত্যক্ত সম্পত্তি হিসেবে ঘোষণাপূর্বক 'ক' এবং 'খ' তালিকাভুক্ত করে গেজেট প্রকাশ করা হয়। উক্ত তালিকাভুক্ত পরিত্যক্ত সম্পত্তি হতে কিছু সম্পত্তি সংরক্ষিত হিসেবে তালিকাভুক্ত করা হয়। গেজেটে প্রকাশিত পরিত্যক্ত সম্পত্তিসমূহ (সরকার কর্তৃক বৈধভাবে নিলাম/বিক্রয়মূল্যে হস্তান্তর করা হয়েছে বা হইবে এরূপ পরিত্যক্ত সম্পত্তি ব্যতীত) এ মন্ত্রণালয় কর্তৃক গেজেট হতে অবমুক্ত না করা পর্যন্ত এগুলো সরকারি সম্পত্তি হিসেবে গণ্য। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় পরিত্যক্ত সম্পত্তির দাবিদার পরিত্যক্ত সম্পত্তিতে রাজউক কর্তৃক নকশা অনুমোদন নিয়ে ভবন নির্মাণ করছে। এতে পরিত্যক্ত সম্পত্তি বেহাত হবার আশঙ্কা রয়েছে।

০২। এমতাবস্থায়, সরকার কর্তৃক গেজেট হতে অবমুক্ত করা হয়নি এরূপ পরিত্যক্ত সম্পত্তিতে ভবন নির্মাণের নকশা অনুমোদন না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৩। যে সকল পরিত্যক্ত সম্পত্তি সরকার কর্তৃক বৈধভাবে নিলাম/বিক্রয় করার পর দলিল সম্পাদন করে দেয়া হয়েছে অথবা যে সকল পরিত্যক্ত সম্পত্তি নিলাম/বিক্রয়ের মাধ্যমে হস্তান্তর দলিল সম্পাদন করা হবে সেসব পরিত্যক্ত বাড়ির ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে না।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২১/০৪/২০২৬

মোহাম্মদ খাদেমুর রহমান
সহকারী সচিব
ফোন: ০২৫৫১০১৪৩৯

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৩। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ/সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ/বরিশাল উন্নয়ন কর্তৃপক্ষ/কুমিল্লা উন্নয়ন কর্তৃপক্ষ রংপুর উন্নয়ন কর্তৃপক্ষ/ময়মনসিংহ উন্নয়ন কর্তৃপক্ষ/নারায়ণগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ।
০৪। বিভাগীয় কমিশনার ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ।
০৫। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিধপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৭। জেলা প্রশাসক.....(সকল)।
০৮। মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৯। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অতিরিক্ত সচিব, ভূমি ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। যুগ্মসচিব, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর ব্যক্তিগত কর্মকর্তা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।